14

দৈনিক ইত্তেফাক

ডকুমেন্টেশন কেন্দ্র

## মেডিক্যাল কলেজ হাসপাতালে ডাক্তারদের দুই শিফটে কাজ করার নির্দেশ

(ইত্তেফাক রিপোর্ট)

দেশের সকল মেডিক্যাল কলেজ ও তৎসংলগ্ন হাসপাতালে কর্মরত চিকিৎসকদের জন্য দুই শিফটে দায়িত্ব পালন করার নিয়ম চালু করা হইয়াছে। (১১শ পৃঃ দ্রঃ)

## মেডিকেল কলেজ হাসপাতালে...

(১ম পৃঃ পর)

স্বাস্থ্য মন্ত্রণালয়ের এক নির্দেশে গত বুধবার (১০ই মে) হইতে এই নির্দেশ কার্যকর করার কথা বলা হয়। নতুন নিয়মের ফলে এখন হইতে সংশ্লিষ্ট চিকিৎসকদের ডিউটি পালনের সময় সকাল ৮টা হইতে দুপুর ১টা এবং সন্ধ্যা সাড়ে ৭টা হইতে রাত্রি ৯টা পর্যন্ত ধার্য করা হইয়াছে। পূর্বে এই ডিউটির সময় সকাল সাড়ে ৭টা হইতে দুপর ২টা পর্যন্ত নির্ধারিত ছিল। স্বাস্থ্য মন্ত্রণালয়ের আদেশনামায় মেডিক্যাল কলেজ ও হাসপাতালে চিকিৎসকগণ নিজ নিজ কর্মস্থলে কর্মরত থাকিবেন বলিয়াও উল্লেখ করা হয়।

অন্যান্য হাসপাতাল এই নিয়মের আওতায় আনা হয় নাই। কেবল মেডিক্যাল কলেজ ও সংলগ্ন হাসপাতালগুলিতে দুইশিফটে কাজ করার নিয়ম চালু করায় চিকিৎসার ক্ষেত্রে বৈষম্যের সৃষ্টি হইতে পারে বলিয়া পর্যবেক্ষক মহলের ধারণা। হৃদরোগ, কিডনী রোগ ও নিউরো সার্জারী অধিকতর জরুরী হওয়া সত্ত্বেও পিজি হাসপাতাল, হৃদরোগ ইনষ্টিটিউট ও অন্যান্য সমপর্যায়ের চিকিৎসা ইনষ্টিটিউটে কেন নতুন নিয়মের আওতাভুক্ত করা হয় নাই তাহা পরিষ্কার নয়। একটি সূত্রের মতে, দেশের সকল হাসপাতালের জন্য একই নিয়ম বাঞ্ছনীয়। ইহাছাড়া মেডিক্যাল কলেজসমূহের চিকিৎসকদের রাত্রে কর্মক্ষেত্রে আসার কথা বলা হইয়াছে। এক্ষেত্রে এনাটমী, ফিজিওলজি, ফার্মাকোলজি, ফরেনসিক মেডিসিন, কমিউনিটি মেডিসিন ও প্যাথলজি বিভাগের চিকিসকরা রাত্রে কলেজে আসিয়া কি কাজ করিবেন। রাত্রে সংশ্লিষ্ট বিষয়ে ছাত্র-ছাত্রীগণ কলেজে আসে না। তাহা ছাড়া সংশ্লিষ্ট চিকিৎসকদের হাসপাতালেও কোন কাজ নাই। ইহাছাড়া হাসপাতালের আউটডোর চিকিৎসকগণ রাত্রে হাসপাতালে আসার যৌক্তিকতা খুঁজিয়া পাইতেছেন না। রাত্রে আউটডোর বন্ধ থাকে।

নূতন আদেশে চিকিৎসকদের যাতায়াত ভাতা বৃদ্ধি বা অন্য কোন অতিরিক্ত আর্থিক সুবিধা দেওয়া হইবে কিনা তাহা বলা হয় নাই। প্রাইভেট প্রাকটিস করেননা এমন একজন চিকিৎসক জানান, অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য আর্থিক সুবিধা না থাকিলে কষ্টে পড়িতে হইবে।

ঢাকা মিটফোর্ড হাসপাতালের পরিচালক জানান, অনেক চিকিৎসকই রাত্রে হাসপাতালে আসেন। উক্ত হাসপাতালের কয়েকজন চিকিৎসক জানান, সরকারী এই আদেশনামার ক্লারিফিকেশন দেওয়া উচিত, যাহাতে চিকিৎসকগণের দায়িত্ব পালনে সুবিধা হয়।

উল্লেখ্য, স্বাভাবিক নিয়মে রাত্রে হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসক থাকেন না। অনেক সময় গুরুতর অসুস্থ রোগীর জন্যও বিশেষজ্ঞ চিকিৎসক পাওয়া যায় না। রাত্রের শিফটে চিকিৎসকদের দায়িত্ব পালনের ব্যবস্থা নিশ্চিত হইলে হাসপাতালের রোগীদের চিকিৎসা সুবিধা বৃদ্ধি পাইবে, তাহাতে সন্দেহ নাই। তবে কেবল মেডিক্যাল কলেজ হাসপাতালে নয়, দেশের সকল হাসপাতালে একই নিয়ম চালু হওয়া উচিত বলিয়া অভিজ্ঞ মহলের ধারণা।